

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ২০১৯ সনে ভর্তিকৃত বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে ভ্রমণ মঞ্জুরি প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান।**

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ২০১৯ সনে ভর্তিকৃত বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে তাদের এক পথের (one way) ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে **Online** এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### আবেদনকারীর যোগ্যতাঃ

০১. বাংলাদেশী শিক্ষার্থী বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ০১ জানুয়ারি ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ সময়ে বিদেশে স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি পর্যায়ে অধ্যয়নের জন্য ভর্তি হলে;
০২. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতোপূর্বে ভ্রমণ মঞ্জুরি না পেয়ে থাকলে;
০৩. বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট না পেয়ে থাকলে।

### আবেদনের পদ্ধতিঃ

০১. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের <http://bstf.erd.gov.bd> এই URL ব্যবহার করে কেবলমাত্র নির্ধারিত ফরম পূরণপূর্বক অনলাইনে আবেদন করা যাবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েবসাইটেও ([www.erd.gov.bd](http://www.erd.gov.bd)) লিংক পাওয়া যাবে;
০২. **Online আবেদন হকের নির্ধারিত স্থানে নিম্নবর্ণিত Documents (কাগজপত্র) Upload করতে হবেঃ**
  - (ক) Scholarship Letter ;
  - (খ) Admission Letter ;
  - (গ) বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান/অন্য কোন উৎস থেকে ভ্রমণ ব্যয় প্রদান করা হয়নি বা হবে না মর্মে সনদপত্র ;
  - (ঘ) প্রার্থীর নাম সম্বলিত পাসপোর্টের পেজসহ বাংলাদেশ ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Departure ও সংশ্লিষ্ট দেশের ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Arraival সীল সম্বলিত পাসপোর্ট পেজ ;
  - (ঙ) এয়ার টিকেট (টিকেটে লেখা অস্পষ্ট থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/এয়ারলাইন্স থেকে ভ্রমণ ব্যয়ের রশিদ) ;
  - (চ) জাতীয় পরিচয়পত্রের কপি ;
  - (ছ) পাসপোর্ট আকারের ছবি ;
  - (জ) নিজ স্বাক্ষরের Scan copy ;
০৪. ভ্রমণ মঞ্জুরির অর্থ উত্তোলনের জন্য প্রার্থী তাঁর নিজস্ব/বাবা/মা/ভাই/বোন/Spouse/প্রার্থী অথরাইজড কোন ব্যাংক একাউন্ট ব্যবহার করতে পারবে।
০৫. একই পার্থী একের অধিকবার আবেদন করতে পারবে না।
০৬. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট নিয়ে সেটিতে স্বাক্ষর করে [bstf@erd.gov.bd](mailto:bstf@erd.gov.bd) ইমেইল ঠিকানায় পাঠাতে হবে। কোন জিজ্ঞাসার জন্য [bstf@erd.gov.bd](mailto:bstf@erd.gov.bd) ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে;
০৭. আবেদনের হার্ড কপি প্রেরণ করার প্রয়োজন নেই;
০৮. আগামী ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখ স্থানীয় সময় সকাল ৯.০০ ঘটিকা হতে ৩১ অক্টোবর ২০২০ তারিখ স্থানীয় সময় বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনভাবেই আবেদন গ্রহণ করা হবে না;
০৯. দাখিলকৃত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

*Abidyo*  
২৩.৮.২০২০

(অপর্ণা বৈদ্য)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯১৪০৪৮৫

E-mail: [erdfandf2@yahoo.com](mailto:erdfandf2@yahoo.com)